দৈনিক ইত্তেফাক

MAR. 24 2002

নগর সংস্কৃতি

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আজ থেকে ভাষা ও সংস্কৃতি মেলা শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ একুশে ফেব্রুয়ারীর সুবর্ণ জয়ন্তী, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস এবং স্বাধীনতা দিবস উপলক্ষে আজ রবিবার থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হচ্ছে ৩ দিনব্যাপী ভাষা ও সংস্কৃতি মেলা। বিকাল ৩টায় মল চত্বরে অনুষ্ঠেয় এ মেলার উদ্বোধন করবেন শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক। অন্যান্যের মধ্যে উপস্থিত থাকবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান এবং শিক্ষা প্রতিমন্ত্রী আনম এনসানুল হক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন ভিসি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরী। মেলায় প্রতিদিন বিকালে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। আজ বিকালের সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে রয়েছে বাউল গান, জারি, সারি, কবিয়াল, মনিপুরী নৃত্য, সাপুড়ে নৃত্য, যন্ত্রসংগীত, বাঁশি ও লোকনৃত্য।

**বিসিএস কম্পিউটার শো আজ থেকে**

আজ রবিবার থেকে ঢাকার শেরেবাংলা নগরে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ৭ দিনব্যাপী বিসিএস কম্পিউটার শো-২০০২ শুরু হচ্ছে।